রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৪ সনের ৩২ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ৮, ২০২৪

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫৩৫—৫৫০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৭২৫—১৭৭৬ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১১৭—১৫৫ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১২২৫—১৪৭৯ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ............................ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রিয় ব্যাংক শাখা**

**পরিপত্র**

তারিখ : ২৫ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ/০৯ জুলাই ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৫৩.০০.০০০০.৩১১.৪০.০০১.২২.১২৬**—মানিলন্ডারিং প্রতিরোধ বিধিমালা, ২০১৯ এর বিধি ৩(৩) অনুসারে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়নের নিমিত্ত গঠিত জাতীয় সমন্বয় কমিটি-টি নিম্নরূপে সংশোধন করা হলো :

**সভাপতি**

(ক) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(খ) প্রতিমন্ত্রী, অর্থ মন্ত্রণালয়

(গ) চেয়ারম্যান, দুর্নীতি দমন কমিশন

**সদস্যবৃন্দ**

(ঘ) মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(ঙ) অ্যাটর্নি- জেনারেল, বাংলাদেশ

(চ) গভর্নর, বাংলাদেশ ব্যাংক

(ছ) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

(জ) সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়

(ঝ) সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(ঞ) সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(ট) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়

(ঠ) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

(ড) সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

(ঢ) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

**সদস্যবৃন্দ**

(ণ) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড

(ত) চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন

(থ) মহা পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ

**সদস্য-সচিব**

(দ) প্রধান কর্মকর্তা, বিএফআইইউ

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আফছানা বিলকিস**
উপসচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**
**প্রতিষ্ঠান শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ জ্যৈষ্ঠ, ১৪৩১/২৩ মে, ২০২৪

নং **৪৭.০০.০০০০.০৩৩.০৬.১০৩.২০.২৭১**—পল্লী উন্নয়ন একাডেমী আইন ১৯৯০ এর ৫(১) এর (থ) ধারার প্রদত্ত ক্ষমতাবলে এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১৫-১১-২০০৬ খ্রি. তারিখের স্মারক নং-মপবি/কঃবিঃশাঃ/উঃপঃ-২ (বিবিধ)/২০০৬-১২০ সরকারি আদেশ অনুযায়ী পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া পরিচালনা বোর্ড এর সদস্য হিসেবে নিম্নবর্ণিত ব্যক্তি- কে মনোনয়ন প্রদান করা হলো :

জনাব মোঃ মুজিবর রহমান মজনু,

মাননীয় সংসদ সদস্য, বগুড়া-৫।

২। উক্ত আইনের ধারা ৫ এর ৫(৪) উপধারার (১)(খ) অনুযায়ী তাঁকে ০৩ (তিন) বৎসরের জন্য মনোনয়ন প্রদান করা হলো। তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় এ মনোনয়ন বাতিল করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. অশোক কুমার বিশ্বাস**
উপসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ আষাঢ়, ১৪৩১/২৫ জুন, ২০২৪

নং **৪৭.০০.০০০০.০৩৩.০৬.০৭১.১৭-৩৪৮**—বঙ্গবন্ধু দারিদ্র বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড) আইন, ২০১২ এর ৭(১) এর (ধ) ধারার প্রদত্ত ক্ষমতাবলে এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১৫-১১-২০০৬ খ্রি. তারিখের মপবি/কঃবিঃশাঃ/ উঃপঃ-২ (বিবিধ)/ ২০০৬-১২০ স্মারকাদেশ অনুযায়ী বঙ্গবন্ধু দারিদ্র বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড), গোপালগঞ্জের পরিচালনা বোর্ড এর সদস্য হিসেবে নিম্নবর্ণিত কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হলো :

ড. কে এম আলমগীর কবীর

উপসচিব (১৬২১৬)

ফোন: ০২-২২৩৩৯০০৬১

মোবাইল: +৮৮০১৭১৫-৭৬১০৩৬

ই- মেইল: amdhaka@yahoo.com

২। উক্ত আইনের ৭(২) ধারানুযায়ী উল্লিখিত সদস্য-কে ০৩ (তিন) বছরের জন্য মনোনয়ন প্রদান করা হলো। তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় এ মনোনয়ন বাতিল করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আনিচুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৩ আষাঢ় ১৪৩১/২৭ জুন ২০২৪

নং **৪৬.০০.০০০০.০৬৪.৩২.২২২.২০-৮৬১**—সিলেট জেলার বিশ্বনাথ পৌরসভার মেয়র জনাব মুহিবুর রহমান এর বিরুদ্ধে পৌর পরিষদের মাসিক সাধারণ সভা তার নিজ বাসভবনে অনুষ্ঠান করা, শহর সমন্বয় (TLCC) কমিটির সভা না করা, মাসিক সভার কার্যবিবরণীর কপি কাউন্সিলরদের না দেয়া, পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনা (ল্যান্ড ফিল্ড) স্থাপন না করে শহরের প্রাণ কেন্দ্র প্রবাসী চত্তরের পাশে জনগুরুত্বপূর্ণ জায়গায় ডাম্পিং করা, বিশ্বনাথবাসীর প্রাণ বলে খ্যাত বাসিয়া নদী পরিষ্কার না করে সেখানেও ময়লা আবর্জনা ডাম্পিং করা, সংক্রান্ত আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় এবং স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অনুমতি ব্যতিরেকে ২৪-০৬-২০২৪ তারিখে বাহিঃ বাংলাদেশ (যুক্তরাজ্য) গমন করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১ এর উপ-ধারা (১) অনুযায়ী তাঁকে সিলেট জেলার বিশ্বনাথ পৌরসভার মেয়রের পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে।

২। এমতাবস্থায়, সিলেট জেলার বিশ্বনাথ পৌরসভার মেয়র জনাব মুহিবুর রহমান-কে সাময়িকভাবে বরখাস্ত করায় এবং উক্ত পৌরসভার মেয়র পদ হতে অপসারণের কার্যক্রম শুরু করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৪০ (৩) অনুযায়ী উক্ত পৌরসভার প্যানেল মেয়র-১ কে প্রশাসনিক ও দাপ্তরিক কাজের সুবিধার্থে পৌরসভার মেয়রের আর্থিক ক্ষমতা অর্পণ করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুর রহমান**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ আষাঢ় ১৪৩১/২৭ জুন ২০২৪

নং **১০.০০.০০০০.১২৫.২৮.০০৩.১৩.৪৮৫**—জনাব দেবাংশু কুমার সরকার, সংযুক্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী জজ), আইন ও বিচার বিভাগ এর বিরুদ্ধে জনাব হৃদিতা সরকার-এর দায়েরকৃত পিটিশন মামলা নং ৩৭/২০২২ (যা নারী ও শিশু মামলা নং ৬৭/২০০৩)-এ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১, রংপুর কর্তৃক নারী ও শিশু নির্যাতন দমন ২০০০ এর অধীন অপরাধ বিচারের উদ্দেশ্যে আমলে গ্রহণ করায় বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস

(শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ২৫(১)(ক) অনুযায়ী বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ গ্রহণক্রমে তাঁকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো।

২। সাময়িক বরখাস্তকালীন তিনি খোরাকী ভাতা ও আনুষঙ্গিক ভাতাদি বিধি মোতাবেক প্রাপ্ত হবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম সারওয়ার**
সচিব।

---

**বিচার শাখা-৬**

**আদেশ**

তারিখ : ২৩ আষাঢ় ১৪৩১/০৭ জুলাই ২০২৪

নং **১০.০০.০০০০.১৩০.১১.০১৩.২৪.১৩১**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ)-এর ৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে সিরাজগঞ্জ জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ আহসান হাবিব, পিতা- মোঃ আব্দুল বারী মিয়া, মাতা- আহ্সানুন নেছা-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রে নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ-এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহ্উদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ আষাঢ় ১৪৩১/4 জুলাই ২০২৪

নং **১০.০০.০০০০.১৩০.১৩.০১৪.২৪-২১৬**—শরীয়তপুর জেলার জেলা রেজিস্ট্রার [অবসর-উত্তর ছুটি ভোগরত] জনাব অমৃত লাল মজুমদার-এর এস.এস.সি সার্টিফিকেটে জন্ম তারিখ : ০৩-০৫-১৯৬৫ খ্রি. উল্লেখ থাকায় সরকারি চাকরি আইন, ২০১৮-এর ধারা ৪৩ (১)(ক) অনুযায়ী তাঁর বয়স ৫৯ (উনষাট) বছর পূর্তিতে ০২-০৫-২০২৪ খ্রি. তারিখ তাঁকে সরকারি চাকরি হতে ভূতাপেক্ষভাবে অবসর প্রদান করা হলো এবং একই আইনের ধারা ৪৭ অনুযায়ী ০৩-০৫-২০২৪ হতে ০২-০৫-২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত ১২(বার) মাসের পূর্ণগড় বেতনে অবসর-উত্তর ছুটি (PRL) মঞ্জুর করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহ্উদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

**সলিসিটর অনুবিভাগ (জিপি/পিপি শাখা)**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০২ জুলাই ২০২৪

নং **০২-সলিসিটর/২০০৯ (অংশ-১)-৮৪**—বাংলাদেশ সুপ্রীম কোর্টের সহকারী অ্যাটর্নি জেনারেল জনাব আইরিন জাহান কর্তৃক দাখিলকৃত পদত্যাগ পত্রটি সরকার পক্ষে গৃহীত হয়েছে।

ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**রুনা নাহিদ আকতার**
সলিসিটর।

---

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**

**সুরক্ষা সেবা বিভাগ**

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**শৃঙ্খলা-০২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৬ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ/২০ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **৫৮.০০.০০০০.০৭৭.২৭.০০২.২০২৩.৩৭**—যেহেতু, জনাব বিজন বিশ্বাস (বরখাস্তকৃত), স্টেশন অফিসার, পানছড়ি ফায়ার স্টেশন (সংযুক্তঃ ভাষানচর ফায়ার স্টেশন), খাগড়াছড়ি-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল), বিধিমালার ৪ (৩) (ঘ) বিধি মোতাবেক অধিদপ্তরের গত ০৭ ডিসেম্বর ২০২২ তারিখের ৫৮.০৩.০০০০.০১২.২৭.০১০.২১.৪৪১(২৮) সংখ্যক প্রজ্ঞাপনমূলে তাকে সরকারি চাকরি হতে "বরখাস্তকরণ" এর গুরুদণ্ড প্রদান করা হয়;

যেহেতু, উক্ত দণ্ডাদেশের বিরুদ্ধে জনাব বিজন বিশ্বাস (পিএন-১১০৬১), স্টেশন অফিসার, পানছড়ি ফায়ার স্টেশন, খাগড়াছড়ি, সচিব মহোদয় বরাবর যথাযথ সময়ে আপীল আবেদন দাখিল করেছেন;

সেহেতু, জনাব বিজন বিশ্বাস (পিএন-১১০৬১), স্টেশন অফিসার, পানছড়ি ফায়ার স্টেশন, খাগড়াছড়ি এর ব্যক্তিগত শুনানী, দাখিলকৃত জবাব পর্যালোচনায় সার্বিক বিবেচনায় আপীল আবেদন মঞ্জুরপূর্বক পূর্বে প্রদত্ত 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ডাদেশ বাতিলকরতঃ তাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল), বিধিমালা ২০১৮ এর ৪ (২) (ঘ) বিধি মোতাবেক **"বেতন গ্রেডের চারটি নিম্নতর ধাপে অবনমিতকরণ"** লঘুদণ্ড প্রদান করা হলো।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের গত ০৭ ডিসেম্বর ২০২২ তারিখের ৫৮.০৩.০০০০.০১২.২৭.০১০. ২১. ৪৪১(২৮) সংখ্যক প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী**
সচিব।

**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৮ আষাঢ় ১৪৩১/০২ জুলাই ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৪৪.২১-৩৪২**—যেহেতু, জনাব মোঃ মশিয়ার রহমান (বিপি-৮৮১৪১৬৬২৮৪), সহকারী পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজির কার্যালয়, সিলেটে সংযুক্ত থাকাকালে তিনি গত ১৭-০৯-২০২০ তারিখ হতে ২৫-০৮-২০২১ তারিখ পর্যন্ত মোট ১১ মাস ০৮ দিন কর্মস্থলে বিনা অনুমতিতে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল), বিধিমালা ২০১৮ এর ৩(গ) বিধি অনুযায়ী 'পলায়ন' এর অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়। গত ৩১-০৫-২০২২ তারিখের ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৪৪.২১-১৭৩ নম্বর স্মারকমূলে তার নিকট অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করে তাকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয় এবং তিনি ব্যক্তিগত শুনানির ইচ্ছে করেন কিনা সেটাও জানাতে বলা হয়। তদপ্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা ২৬-০৬-২০২২ তারিখ কারণ দর্শানোর জবাব প্রদান করেন। কিন্তু ব্যক্তিগত শুনানির ইচ্ছা পোষণ করেননি;

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার কারণ দর্শানোর জবাব এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি বিবেচনা করে অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা থাকায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল), বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি অনুসারে আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য বর্ণিত বিভাগীয় মামলার তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

৩। যেহেতু, তদন্ত কর্মকর্তা প্রদত্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি অনুসারে গঠিত পলায়নের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত পাওয়া যায়;

৪। সেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, অভিযুক্তের জবাব ও তদন্ত কর্মকর্তার মতামত পর্যালোচনায় অভিযুক্তকে লঘুদণ্ড প্রদান সমীচীন হবে মর্মে প্রতীয়মান হয় এবং সে প্রেক্ষিতে জনাব মোঃ মশিয়ার রহমান (বিপি-৮৮১৪১৬৬২৮৪), সহকারী পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজির কার্যালয়, সিলেটে সংযুক্ত এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ বিধি ৪ এর উপ-বিধি ২(ঘ) মোতাবেক আদেশ প্রদানের তারিখ হতে ০৫ (পাঁচ) বছরের জন্য " বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" লঘুদণ্ড প্রদান করা হলো।

৫। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০০১.১৯-৩৪৩**—জনাব মোঃ মশিয়ার রহমান (বিপি নং-৮৮১৪১৬৬২৮৪), সহকারী পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, সিলেটে সংযুক্ত ইতঃপূর্বে সহকারী পুলিশ সুপার, মীরসরাই সার্কেল, চট্টগ্রাম হিসেবে কর্মকালে ০৩-০৮-২০১৮ তারিখে তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত সরকারি গাড়ি নিয়ে নিজ অধিক্ষেত্র ত্যাগ করেন। তিনি ০৩-০৮-২০১৮ তারিখ আনুমানিক ১১.৩০ ঘটিকায় কর্ণফুলী শাহ আমানত সেতু টোল প্লাজায় কর্তব্যরত কর্মকর্তা ও কর্মচারীদের মারধরসহ টোল প্লাজার বক্সের গ্লাস ভাংচুর করে ভীতিকর পরিস্থিতি সৃষ্টি করেন এবং টোল প্লাজার টোল ফি আদায় ব্যতীত নিজেই সিগন্যাল দিয়ে গাড়ি ছেড়ে দেন। তার এরূপ কার্যকলাপ টোল প্লাজায় সংযুক্ত সিসিটিভিতে রেকর্ড হয়। যা পরবর্তীতে বিভিন্ন ইলেকট্রনিক, প্রিন্ট ও অনলাইন মিডিয়াসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ে। তিনি ০৩-০৮-২০১৮ তারিখ আনুমানিক ১২.৩৫ ঘটিকায় চট্টগ্রাম জেলার পটিয়া থানার স্বাস্থ্য কমপ্লেক্সে গিয়ে অফিসার ইনচার্জ ও থানার অন্যান্য অফিসার এবং থানা স্বাস্থ্য কমপ্লেক্সের ডাক্তারদের সাথে অভদ্র আচরণ করেন। পরবর্তীতে ০৩-০৮-২০১৮ তারিখ আনুমানিক ১৫.০০ ঘটিকায় চন্দনাইশ থানায় গিয়ে থানা ক্যাম্পাসে জব্দকৃত মামলার আলামত কন্টেইনারের গ্লাস লাঠি দিয়ে ভাংচুর করতে শুরু করেন। বিষয়টি টের পেয়ে পুলিশ সদস্যগণ তাকে নিবৃত করার চেষ্টা করলে তিনি তার হাতে থাকা লাঠি দিয়ে উক্ত পুলিশ সদস্যদের পিটিয়ে আহত করেন।

২। যেহেতু, একজন সরকারি কর্মকর্তা ও সুশৃঙ্খল পুলিশ বাহিনীর সদস্য হিসেবে এধরণের অপ্রীতিকর, অসৌজন্যমূলক, বেআইনী কার্যক্রম অনভিপ্রেত এবং সরকারি কর্মচারী শৃংখলা পরিপন্থি বিধায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল), বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে গঠিত অভিযোগনামা ও অভিযোগ বিবরণীসহ তাকে কারণ দর্শানোর নোটিশ ও ব্যক্তিগত শুনানীতে হাজির হবে কিনা সে সম্পর্কে অবহিত করতে পত্র দেয়া হয়। তদপ্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা ২৫-১১-২০১৯ তারিখ কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং ১৩-০৯-২০২০ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণের দিন ধার্য্য করা হয়। কিন্তু অভিযুক্ত কর্মকর্তা ধার্য্য তারিখে ব্যক্তিগত শুনানিতে উপস্থিত হননি এবং তিনি শুনানির জন্য অপর কোন দিন ধার্য্য করার আবেদনও করেননি;

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার জবাব এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি পর্যালোচনা করে অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা প্রতীয়মান হওয়ায় আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) মোতাবেক উক্ত বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

৪। যেহেতু, তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ মশিয়ার রহমান (বিপি নং-৮৮১৪১৬৬২৮৪), সহকারী পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, সিলেটে সংযুক্ত এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত কর্মকর্তা মতামত প্রদান করেন। সার্বিক পর্যালোচনায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় গুরুদণ্ড আরোপের সম্ভাবনা থাকায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি অনুসারে তাকে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। তদপ্রেক্ষিতে তিনি নির্ধারিত সময়ের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ২য় কারণ দর্শানোর জবাব প্রদান করেন;

৫। যেহেতু, দাখিলকৃত জবাব, তদন্ত প্রতিবেদন, অপরাধের গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদিসহ সার্বিক বিবেচনায় তাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪ এর উপ-বিধি ৩(ক) মোতাবেক ০২ (দুই) বছরের জন্য "নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" এর গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

৬। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ মশিয়ার রহমান (বিপি নং-৮৮১৪১৬৬২৮৪), সহকারী পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, সিলেটে সংযুক্ত এর বিরুদ্ধে সরকারি কর্মচারী

(শৃঙ্খলা) ও আপীল), বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪ এর উপ-বিধি ৩(ক) অনুযায়ী আগামি ০২ (দুই) বছরের জন্য "নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" গুরুদণ্ড প্রদানের বিষয়ে মহামান্য রাষ্ট্রপতি সদয় সম্মতি জ্ঞাপন করেন;

৭। সেহেতু, জনাব মোঃ মশিয়ার রহমান (বিপি নং-৮৮১৪১৬৬২৮৪), সহকারী পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, সিলেটে সংযুক্ত এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল), বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪ এর উপ-বিধি ৩(ক) মোতাবেক আদেশ প্রদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য "নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" গুরুদণ্ড প্রদান করা হলো।

৮। দণ্ডকালের জন্য তিনি কোনো বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জাহাংগীর আলম**
সচিব।

---

## আইন-২ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২০ আষাঢ় ১৪৩১/০৪ জুলাই ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.২৩-১১০৩**—চট্টগ্রাম জেলার হাটহাজারী মডেল থানার মামলা নং-২৯, তারিখ : ১৯-০২-২০২৩ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬/৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.২৩-১১০৪**—চট্টগ্রাম জেলার লোহাগড়া থানার মামলা নং-২৯, তারিখ : ১৩-১২-২০২১ খ্রিঃ-এ ঘটনাস্থলে হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)-এর ৮/৯(৩)/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.২৩-১১০৫**—চট্টগ্রাম জেলার কোতয়ালী থানার মামলা নং-৯৫, তারিখ : ৩০-০৩-২০২১ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(১)(ক)(আ)(ই)(ঈ)(উ) ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রম

**আশাফুর রহমান**
উপসচিব।

---

## প্রতিরক্ষা মন্ত্রণালয়
## ডি-৭ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১৮ আষাঢ় ১৪৩১/০২ জুলাই ২০২৪

নং **২৩.০০.০০০০.০৭০.১৯.১৫৪.২৪.৮৯**—বাংলাদেশ বিমান বাহিনীর ফ্লাইট লেফটেন্যান্ট লাবিব আকরাম (বিডি/১০৩৮৮), জিডি(পি)-কে বিমান বাহিনী নির্দেশিকা ১/৯৩ অনুযায়ী ২৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখ থেকে জিডি(পি) শাখা হতে লজিস্টিক শাখায় শাখা পরিবর্তন করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মঞ্জুরুল করিম**
উপসচিব।

---

## মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
## শাখা-জামস

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০৭ জুলাই ২০২৪ খ্রিঃ

নং **৩২.০০.০০০০.০৩৮.০৬.০৯৫.১৮-১৯৩**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা মোতাবেক জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার রাঙ্গামাটি পার্বত্য জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো ঃ

| ক্রমঃ নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম ও ঠিকানা | পদবি |
|---|---|---|---|---|
| ০১ | ১০(১) (ঙ) | সমাজসেবী | জনাব টুকু তালুকদার, স্বামী-সুপ্রিয় তালুকদার, চম্পকনগর, রাঙ্গামাটি, সদর উপজেলা, রাঙ্গামাটি পার্বত্য জেলা | চেয়ারম্যান |

| ক্রম: নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম ও ঠিকানা | পদবি |
|---|---|---|---|---|
| ০২ | ১০(১) (ঘ) | শিক্ষিকা | জনাব অঞ্জুলিকা খীসা, পিতা- কালী রতন খীসা, রাজবাড়ী এলাকা, রাঙ্গামাটি সদর উপজেলা, রাঙ্গামাটি পার্বত্য জেলা | সদস্য |
| ০৩ | ১০(১) (ছ) | বিশিষ্ট মহিলা | জনাব নাসরিন ইসলাম, পিতা- মোঃ হেদায়েতুল ইসলাম, দেবাশীষ নগর, রাঙ্গামাটি সদর উপজেলা, রাঙ্গামাটি পার্বত্য জেলা | সদস্য |
| ০৪ | ১০(১) (ছ) | বিশিষ্ট মহিলা | জনাব শামীম আরা বেগম, স্বামী-মোঃ নুরুল ইসলাম, টি এন্ড টি, রাঙ্গামাটি সদর উপজেলা, রাঙ্গামাটি পার্বত্য জেলা | সদস্য |
| ০৫ | ১০(১) (ছ) | বিশিষ্ট মহিলা | জনাব মনোয়ারা আক্তার জাহান, স্বামী- মোঃ জসীম উদ্দিন তালুকদার, মাঝের বস্তী, তবলছড়ি, রাঙ্গামাটি সদর উপজেলা, রাঙ্গামাটি পার্বত্য জেলা | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের জনাব টুকু তালুকদার, স্বামী- সুপ্রিয় তালুকদার, চম্পকনগর, রাঙ্গামাটি সদর উপজেলা, রাঙ্গামাটি পার্বত্য জেলা উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ০৭-০৭-২০২৪ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোনো সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

নং **৩২.০০.০০০০.০৩৮.০৬.০৪৬.১৮-১৯৪**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা মোতাবেক জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার মুন্সীগঞ্জ জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো ঃ

| ক্রম: নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম ও ঠিকানা | পদবি |
|---|---|---|---|---|
| ০১ | ১০(১) (ছ) | বিশিষ্ট মহিলা | এডভোকেট শামছুন নাহার শিল্পী, পিতা:মৃত মোঃ হেলাল উদ্দিন, গ্রাম: পূর্ব দেওভোগ, উপজেলা ও জেলা: মুন্সীগঞ্জ। | চেয়ারম্যান |
| ০২ | ১০(১) (ছ) | বিশিষ্ট মহিলা | তাহমিনা আফরোজ ঝুমা, স্বামীঃ এডভোকেট আব্দুল মতিন, পিতাঃ মোঃ শরিফ হোসেন, গ্রামঃ মধ্যকোটগাঁও, উপজেলা ও জেলাঃ মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৩ | ১০(১) (ছ) | বিশিষ্ট মহিলা | ফাতেমা আক্তার, পিতাঃ মৃত-আমির হোসেন, গ্রামঃ লক্ষীপুর, পোঃ ভবেরচর, উপজেলাঃ গজারিয়া, জেলাঃ মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৪ | ১০(১) (ঘ) | শিক্ষিকা | প্রতিমা শিখা রায়, স্বামীঃ নবিন কুমার রায়, গ্রাম ও উপজেলাঃ টঙ্গিবাড়ি, জেলাঃ মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৫ | ১০(১) (ঙ) | সমাজসেবী | রোকেয়া বেগম, স্বামীঃ জুলহাস ঢালী, গ্রামঃ উত্তর মহাকালী, উপজেলা ও জেলাঃ মুন্সীগঞ্জ। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের এডভোকেট শামছুন নাহার শিল্পী, পিতাঃ মৃত মোঃ হেলাল উদ্দিন, গ্রামঃ পূর্ব দেওভোগ, উপজেলা ও জেলাঃ মুন্সীগঞ্জ উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ০৭-০৭-২০২৪ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোনো সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

তারিখ : ০৮ জুলাই ২০২৪ খ্রিঃ

নং **৩২.০০.০০০০.০৩৮.০৬.০৪০.১৮-১৯৯**—জাতীয় মহিলা সংস্থা, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা মোতাবেক জেলা প্রশাসক, মানিকগঞ্জ এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার মানিকগঞ্জ জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো ঃ

| ক্রম: নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম ও ঠিকানা | পদবি |
|---|---|---|---|---|
| ০১ | ১০(১) (ঙ) | সমাজসেবী | জনাব লক্ষ্মী চ্যাটার্জ্জি, স্বামীঃ প্রয়াত বীর মুক্তিযোদ্ধা নিরঞ্জন চৌধুরী, মাতার নামঃ প্রয়াত লীলাবতি চ্যাটার্জ্জি, কালি বাড়ী, সদর, মানিকগঞ্জ | চেয়ারম্যান |

| ক্রম: নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম ও ঠিকানা | পদবি |
|---|---|---|---|---|
| ০২ | ১০(১) (ঘ) | শিক্ষিকা | জনাব সেলিনা আক্তার, স্বামীর নাম : এ্যাডভোকেট আব্দুস সালাম, মাতার নামঃ হাসিনা খাতুন, পশ্চিম দাশড়া, সদর, মানিকগঞ্জ। | সদস্য |
| ০৩ | ১০(১) (ছ) | বিশিষ্ট মহিলা | জনাব রহিমা আজম খাঁন, স্বামীর নামঃ সুলতানুল আজম খাঁন, মাতার নামঃ মোসাঃ সেলিমা রহমান, শিববাড়ী, সদর, মানিকগঞ্জ। | সদস্য |
| ০৪ | ১০(১) (ছ) | বিশিষ্ট মহিলা | ডাঃ নাজমুন নাহার মুনমুন, পিতার নামঃ বীর মুক্তিযোদ্ধা এ্যাডঃ গোলাম মহিউদ্দিন, মাতার নামঃ শামসুন নাহার, ৪নং নগর ভবন সড়ক, পশ্চিম দাশড়া, সদর, মানিকগঞ্জ। | সদস্য |
| ০৫ | ১০(১) (ছ) | বিশিষ্ট মহিলা | জনাব কাজী লুৎফুন নাহার, পিতার নামঃ কাজী লুৎফর রহমান, মাতার নামঃ নুরুন্নাহার বেগম, ৫৬ শহীদ তজু সড়ক, উত্তর সেওতা, সদর, মানিকগঞ্জ। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের জনাব লক্ষ্মী চ্যাটার্জ্জি, স্বামীঃ প্রয়াত বীর মুক্তিযোদ্ধা নিরঞ্জন চৌধুরী, মাতার নামঃ প্রয়াত লীলাবতি চ্যাটার্জ্জি, কালি বাড়ী, সদর, মানিকগঞ্জ জেলা কমিটি মানিকগঞ্জ উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ০৮-০৭-২০২৪ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোনো সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দিলীপ কুমার দেব নাথ**
সিনিয়র সহকারী সচিব।

---

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**
**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**
**সংস্থা-৩ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ৩০ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ/১৩ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

নং **৫৬.০০.০০০০.০৫৬.১৮.০০১.২১.৭৫**—তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম হতে ই-নথি/ডি-নথি ও জাতীয় তথ্য বাতায়ন পরিচালনার জন্য উদ্ভূত ব্যয় নির্বাহের লক্ষ্যে অর্থ বিভাগের ০৯-০৫-২০২৪ তারিখের ০৭.০০.০০০০.১৪৪.৯৯.০১৬.২৩.৮১ সংখ্যক পত্রের সম্মতিক্রমে নথি সিস্টেম এবং জাতীয় তথ্য বাতায়ন-এর সেবার মূল্য নিম্নরূপ নির্ধারণ করা হলো :

**(ক) নথি সিস্টেমের ০৫টি প্যাকেজের ফি নির্ধারণ :**

| সেবার নাম | প্যাকেজের নাম | প্যাকেজের বিবরণ | মাসিক ফি (টাকা) |
|---|---|---|---|
| Nothi System | Package 1 | Cost for offices' data size up to 50GB and other costs | 4.000 |
| | Package 2 | Cost for offices' data size between 50GB-100GB and other costs | 5.000 |
| | Package 3 | Cost for offices' data size between 100GB-150GB and other costs | 6.000 |
| | Package 4 | Cost for offices' data size between 150GB-200GB and other costs | 7.000 |
| | Package 5 | Cost for offices' data size between 200GB-250GB and other costs | 8.000 |
| • For every additional 100GB after 250GB, 1000 taka will be added to the regular price.<br>• The Price may change subject to changes in the tatal number of D-Nothi offices and the market rate. | | | |

**(খ) জাতীয় তথ্য বাতায়ন-এর প্যাকেজসমূহের ফি নির্ধারণ :**

<table>
<tr><th>সেবার নাম</th><th>প্যাকেজের নাম</th><th colspan="4">প্যাকেজের বিবরণ</th><th>মাসিক ফি (টাকা)</th></tr>
<tr><td rowspan="4">National Portal Framework (NPF) System</td><td>NPF_ Basic</td><td colspan="4">Costs for sites’ data size up to 1GB and other costs</td><td>1.500</td></tr>
<tr><td>NPF_Standard</td><td colspan="4">Costs for sites’ data size between 1GB-Up to 10 GB and other costs</td><td>4.500</td></tr>
<tr><td>NPF_Premium</td><td colspan="4">Costs for sites’ data size between 10GB-Up to 25 GB and other costs</td><td>9.500</td></tr>
<tr><td colspan="5">After using of 25GB, for every additional 10GB,<br>the price will be added 100 BDT as Additional Price.</td><td></td></tr>
<tr><td colspan="7"></td></tr>
<tr><td rowspan="7">Additional Value-added services for NPF</td><td rowspan="3">Customized Dedicated Domain</td><td>Domain</td><td>2 Years</td><td>3 Years</td><td>4 Years</td><td rowspan="7">This Price may change subject to changes in the market rate.</td></tr>
<tr><td>.bd</td><td>1,400</td><td>1,800</td><td>2,000</td></tr>
<tr><td>.বাংলা</td><td>1,800</td><td>2,400</td><td>2,800</td></tr>
<tr><td colspan="5"></td></tr>
<tr><td rowspan="3">Dedicated SSL</td><td colspan="3">Type</td><td>Per Year Cost</td></tr>
<tr><td colspan="3">Single Domain SSL</td><td>3.000/=</td></tr>
<tr><td colspan="3">Wild card SSL</td><td>10.000/=</td></tr>
<tr><td colspan="7">• Additional Value-added services will be provided as per request of the concerned organization/ organizations</td></tr>
</table>

২। এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধি-বিধান অনুসরণ করতে হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১৩ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ/২৭ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৫৬.০০.০০০০.০৫৬.২৮.০০১.২৪.৮৪**—এজেন্সি টু ইনোভেট (এটুআই) আইন, ২০২৩ (২০২৩ সনের ২০ নং আইন) এর ধারা ৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনে নবগঠিত এজেন্সি টু ইনোভেট (এটুআই) এর নির্বাহী কমিটি এজেন্সি টু ইনোভেট (এটুআই) আইন, ২০২৩ এর ধারা ১০ মোতাবেক নিম্নরূপে গঠিত হলো :

**(ক) নির্বাহী কমিটি গঠন (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

**চেয়ারম্যান**

১ সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

**সদস্যবৃন্দ**

২. অতিরিক্ত সচিব (সংস্কার), মন্ত্রিপরিষদ, বিভাগ

৩. জনাব দিলরুবা শাহীনা, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

৪. জনাব মোঃ হাবিবুর রহমান, অতিরিক্ত সচিব (অর্গানাইজেশনাল সাপোর্ট অনুবিভাগ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৫. জনাব এ, কে, এম আমিরুল ইসলাম, এনডিসি, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

৬. জনাব মোঃ শহীদুল ইসলাম, মহাপরিচালক-২, প্রধানমন্ত্রীর কার্যালয়

৭. জনাব সামি আহমেদ, ব্যবস্থাপনা পরিচালক, স্টার্টআপ বাংলাদেশ লিমিটেড

৮. জনাব সোনিয়া বশীর কবীর, ভাইস প্রেসিডেন্ট ও সহ-প্রতিষ্ঠাতা, বাংলাদেশ উইমেনস্ ইন টেকনোলজি

৯. ড. সৈয়দ ফারহাত আনোয়ার, প্রাক্তন অধ্যাপক, ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়

১০. জনাব নিহাদ কবীর, সাবেক সভাপতি, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ

**সদস্য-সচিব**

১১. প্রধান নির্বাহী কর্মকর্তা, এজেন্সি টু ইনোভেট (এটুআই)

(খ) নির্বাহী কমিটির দায়িত্ব ও কার্যাবলি :

১. প্রকল্প, কর্মসূচি ও পরিকল্পনা প্রণয়ন, গ্রহণ, মূল্যায়ন ও পরিবীক্ষণ;

২. এজেন্সির স্থাবর ও অস্থাবর সম্পত্তি রক্ষণাবেক্ষণ ও সংস্কার, উহার বিমাকরণ ও বিমা পরিচালনা;

৩. এজেন্সির কল্যাণে স্থাবর ও অস্থাবর সম্পত্তি বা উহার কোনো অংশ ইজারা বা ভাড়া প্রদানের অনুমোদন; এবং

৪. পরিচালনা পর্ষদ কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন।

গ) এজেন্সি টু ইনোভেট (এটুআই) আইন, ২০২৩ এর ধারা ১০(৪) মোতাবেক মনোনীত উপর্যুক্ত ০৩ জন প্রযুক্তিবিদ, শিক্ষাবিদ এবং উদ্যোক্তা প্রজ্ঞাপন জারির পরবর্তী ০২ বছরের জন্য সদস্য হিসেবে থাকবেন।

ঘ) নির্বাহী কমিটির সভা চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিত হবে।

ঙ) সচিব বলতে সিনিয়র সচিবও বুঝাবে।

চ) ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবিনা রওশন**
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)।

---

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ : ১৯ আষাঢ় ১৪৩১/০৩ জুলাই ২০২৪

নং **৪৩.০০.০০০০.১১৪.০১৬.১৩৮.২২-৩০৬**—১৯৬৮ সালের (সংশোধিত, ১৯৭৬) প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপধারা প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ সংরক্ষিত বলিয়া ঘোষণা করা হলো।

| ক্রমিক | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানার পূর্ণ বিবরণ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | নাটেশ্বর দেউল/প্রত্নঢিবি<br>গ্রাম: নাটেশ্বর<br>ইউনিয়ন: সোনারং<br>উপজেলা: টংগিবাড়ী<br>জেলা: মুন্সীগঞ্জ | নাটেশ্বর | ০৮ | ৬৪ | ২.০৮ | পূর্ব: নছর উদ্দিন আকন, পিতা মৃত-খাদিম আলী আকন ও অত্র মৌজার দাগ নং-১১৩, ১১৫<br>পশ্চিম: ইসলাম শেখ, পিতা-মৃত হাফেজদ্দিন শেখ অত্রমৌজার ৬২ দাগ ও রাস্তা<br>উত্তর: হাফেজদ্দিন শেখ, পিতা মৃত: আছর উদ্দিন শেখ, রাস্তা ও অত্র মৌজার ৬৩ দাগ<br>দক্ষিণ: নরেশ চন্দ্র দাস গং ও অত্র মৌজার ৬০ দাগ | ভিপি কেস নং ৪০১/৭৯ মূলে সভাপতি, অগ্রসর বিক্রমপুর এর নামে অর্পিত সম্পত্তি হিসেবে লীজকৃত এবং ১৪২৭ সন পর্যন্ত নবায়নকৃত | ভূমি মন্ত্রণালয়ের সাথে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা যায়। | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইফুল ইসলাম**
উপসচিব।

**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ আষাঢ় ১৪৩১/৯ জুলাই ২০২৪

নং **৮০.০০.০০০০.৪০১.৩৬.০৩৯.২৩-৮৭৬**—যেহেতু, গত ০৫-০৭-২০২৪ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ রেলওয়ের উপসহকারী প্রকৌশলী পদের নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র প্রকাশ ও বিতরণের সাথে জড়িত থাকা এবং দায়িত্বপ্রাপ্ত কর্মচারী কর্তৃক অপরাধ সংঘটনে সহায়তা করার অভিযোগে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের উপপরিচালক জনাব মোঃ আবু জাফর-কে সি.আই.ডি কর্তৃক গ্রেফতার করে জেলে আটক রাখা হয়েছে।

২। যেহেতু, উপপরিচালক জনাব মোঃ আবু জাফর এর বিরুদ্ধে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন আইন, ২০২৩ এর ১১ ও ১৫ ধারা অনুযায়ী পল্টন থানায় ১৫/৩১০ নম্বর মামলা দায়ের করা হয়েছে এবং মামলার এজাহারভুক্ত আসামী;

৩। সেহেতু, উপপরিচালক জনাব মোঃ আবু জাফর-কে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৩৯(২) অনুসারে ০৯-০৭-২০২৪ তারিখ থেকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

৪। তিনি সাময়িক বরখাস্ত থাকাকালীন বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের প্রশাসন অধিশাখায় নিয়োজিত থাকবেন এবং বিধি অনুযায়ী খোরপোষ ভাতা (subsistence allowance) প্রাপ্য হবেন।

৫। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহরাব হোসাইন**
চেয়ারম্যান।

---

**পররাষ্ট্র মন্ত্রণালয়**
**লিগ্যাল অ্যাফেয়ার্স অনুবিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ আষাঢ় ১৪৩১/০২ জুলাই ২০২৪।

নং **১৯.০০.০০০০.৮৫৫.২৭.০০৬.২২/৪৭১**—যেহেতু বিসিএস (পররাষ্ট্র বিষয়ক) ক্যাডারের কর্মকর্তা মিজ্ কাজী আনারকলি (পরিচিতি নম্বর ০১৫৫), মহাপরিচালক, পররাষ্ট্র মন্ত্রণালয়-এর বিরুদ্ধে বাংলাদেশ দূতাবাস, জাকার্তায় মিনিস্টার ও মিশন উপপ্রধান হিসেবে কর্মকালীন মারিজুয়ানা সেবন এবং তার বাসভবন হতে ৫ জুলাই ২০২২ তারিখে স্থানীয় আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক আনুমানিক ২০ গ্রাম মারিজুয়ানা উদ্ধারের অভিযোগ উত্থাপিত হওয়ায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক তদন্ত কমিটির মূল্যায়নের ভিত্তিতে এবং মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদনক্রমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী তার বিরুদ্ধে 'অসদাচরণ' এর অভিযোগে ০৬/২০২২ নং বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, উক্ত বিভাগীয় মামলার অভিযোগনামা এবং অভিযোগ বিবরণী অভিযুক্ত কর্মকর্তা বরাবর ০৪ অক্টোবর ২০২২ তারিখে প্রেরণ করে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য নির্দেশনা প্রদান করা হয় এবং ২৫ অক্টোবর ২০২২ তারিখে দাখিলকৃত লিখিত জবাবে তিনি তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগসমূহ অস্বীকার করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণের আগ্রহ পোষণ করেন;

যেহেতু, পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব) গত ২৬ ডিসেম্বর ২০২২ তারিখে অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করেন এবং অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ পুনরায় অস্বীকার করেন;

যেহেতু, মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদনক্রমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী পররাষ্ট্র মন্ত্রণালয়ের তৎকালীন অতিরিক্ত পররাষ্ট্র সচিব জনাব আসাদ আলম সিয়ামকে ১৫ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে উক্ত বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্ত কার্যক্রম চলাকালীন বাংলাদেশের রাষ্ট্রদূত হিসেবে তাঁর বিদেশে পদায়িত হওয়ায়, মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদনক্রমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(৫) (ঘ) অনুযায়ী, পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট) রিয়ার এ্যাডমিরাল মোঃ খুরশেদ আলম (অবঃ)-কে ০১ জানুয়ারি ২০২৪ তারিখে উক্ত বিভাগীয় মামলার নূতন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ দেয়া হয়;

যেহেতু, নূতন তদন্তকারী কর্মকর্ত ০২ মে ২০২৪ তারিখে উক্ত বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় নি মর্মে উল্লেখ করেন;

যেহেতু, বাংলাদেশি একজন কূটনীতিকের বাসভবনে ইন্দোনেশীয় (আইন-শৃঙ্খলা) বাহিনীর অভিযানে সামগ্রিকভাবে বাংলাদেশের ভাবমূর্তি ক্ষতিগ্রস্ত হয়েছে বলে তদন্তকারী কর্মকর্তা অভিমত ব্যক্ত করেছেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সামগ্রিক অবস্থার বিবেচনায় অভিযুক্ত কর্মকর্তা মিজ্ কাজী আনারকলির বিরুদ্ধে রুজুকৃত ০৬/২০২২ বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ক) অনুযায়ী তিরস্কার দণ্ড প্রদানে মহামান্য রাষ্ট্রপতি সদয় সম্মতি জ্ঞাপন করেন;

সেহেতু, মিজ্ কাজী আনারকলি (পরিচিতি নম্বর ০১৫৫), মহাপরিচালক, পররাষ্ট্র মন্ত্রণালয়-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ২(ক) মোতাবেক তাকে 'তিরস্কার' দণ্ডে দণ্ডিত করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাসুদ বিন মোমেন**
পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব)।

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**শাখা-জামস**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ৩০ জুন ২০২৪ খ্রিঃ।

নং **৩২.০০.০০০০.০৩৮.০৬.০৮৪.১৮-১৮৯**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা মোতাবেক জেলা প্রশাসক, সিরাজগঞ্জ এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার সিরাজগঞ্জ জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলোঃ

| ক্রম: নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম ও ঠিকানা | পদবি |
|---|---|---|---|---|
| ০১ | ১০(১)(ঙ) | সমাজসেবী | জনাব হোসনে আরা মির্জা, স্বামী-বীর মুক্তিযোদ্ধা আব্দুল লতিফ মীর্জা, মাসুমপুর, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ। | চেয়ারম্যান |
| ০২ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব নুসরাত ফারজানা ইলোরা, পিতাঃ বীর মুক্তিযোদ্ধা আবু মোহাম্মদ গোলাম কিবরিয়া, বীর মুক্তিযোদ্ধা গোলাম কিবরিয়া রোড, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ। | সদস্য |
| ০৩ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব ইদাত আরা, স্বামীঃ মোঃ মোস্তফা কামাল খান, সয়াধানগড়া খান পাড়া, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ। | সদস্য |
| ০৪ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব হাসনা হেনা, স্বামীঃ আব্দুস সালাম, দত্তবাড়ী, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ। | সদস্য |
| ০৫ | ১০(১)(ঘ) | শিক্ষিকা | জনাব মেরিনা সুলতানা, স্বামীঃ গাজী জিয়াউল হক, সহকারী শিক্ষক, হৈমবালা উচ্চ বিদ্যালয়, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের জনাব হোসনে আরা মির্জা, স্বামী-বীর মুক্তিযোদ্ধা আব্দুল লতিফ মীর্জা, মাসুমপুর, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ০১-০৭-২০২৪ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোনো সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

নং **৩২.০০.০০০০.০৩৮.০৬.১০১.১৮-১৯০**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা মোতাবেক জেলা প্রশাসক, খাগড়াছড়ি এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার খাগড়াছড়ি জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো :

| ক্রম: নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম ও ঠিকানা | পদবি |
|---|---|---|---|---|
| ০১ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | মিজ নুসরাত জাহান শুচি, স্বামী-আহমেদ কবির, পিতাঃ কায়েসুল ইসলাম, মাতাঃ বেগম হাসনা হেনা, গ্রামঃ মাতব্বর পাড়া, ৬নং ওয়ার্ড, মাটিরাঙ্গা পৌরসভা, উপজেলাঃ মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা। | চেয়ারম্যান |
| ০২ | ১০(১)(ঘ) | শিক্ষিকা | মিজ ত্রিনা চাকমা, স্বামীঃ বিনয় সম্পদ চাকমা, গ্রামঃ মিলনপুর, প্রধান শিক্ষক, খাগড়াছড়ি সরকারি উচ্চ বিদ্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা। | সদস্য |
| ০৩ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | মিজ সুইচিং থুই মারমা, স্বামীঃ উশ্যিংমং চৌধুরী, গ্রামঃ মহিলা কলেজ পূর্ব রাস্তা, পুলিশ ফাঁড়ির সামনে, গোলাবাড়ি, উপজেলাঃ খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি পার্বত্য জেলা। | সদস্য |
| ০৪ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | মিজ নুর বাহার, স্বামীঃ মোঃ জয়নাল আবেদীন, পিতাঃ ছমীর উদ্দিন, মাতাঃ আলবেলা খাতুন, গ্রামঃ শান্তি নগর. বাঙ্গালকাটি, উপজেলাঃ খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি পার্বত্য জেলা। | সদস্য |
| ০৫ | ১০(১)(ঙ) | সমাজসেবী | মিজ বিউটি রানী ত্রিপুরা, স্বামীঃ বিস্ময় রঞ্জন ত্রিপুরা, মাতাঃ কুসুম দেবী ত্রিপুরা, পিতাঃ বীর মোহন ত্রিপুরা, ৩নং গোলাবাড়ী ইউনিয়ন, ৪নং ওয়ার্ড মহালছড়া দেওয়ান পাড়া, উপজেলাঃ খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি পার্বত্য জেলা। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের মিজ নুসরাত জাহান শুচি, স্বামীঃ আহমেদ কবির, পিতাঃ কায়েসুল ইসলাম, মাতাঃ বেগম হাসনা হেনা, গ্রামঃ মাতব্বর পাড়া, ৬নং ওয়ার্ড, মাটিরাঙ্গা পৌরসভা, উপজেলাঃ মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ০১-০৭-২০২৪ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোনো সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

নং **৩২.০০.০০০০.০৩৮.০৬.০৭৯.১৮-১৯১**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা মোতাবেক জেলা প্রশাসক, কুষ্টিয়া এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার কুষ্টিয়া জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলোঃ

| ক্রম: নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম ও ঠিকানা | পদবি |
|---|---|---|---|---|
| ০১ | ১০(১)(ঘ) | শিক্ষিকা | জনাব জেব-উন-নিসা, প্রধান শিক্ষক, কলকাকলী মাধ্যমিক বিদ্যালয়, কুষ্টিয়া। স্বামী: মোঃ আব্দুর রাজ্জাক, সি/৭৪(সম্প্রঃ), হাউজিং এস্টেট, কুষ্টিয়া। | চেয়ারম্যান |
| ০২ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | কাজী সামছুন নাহার আলো, স্বামীঃ মোসাদ্দেক আলী, ১৭৮, এন.এস. রোড, কুষ্টিয়া। | সদস্য |
| ০৩ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | এ্যাড. মঞ্জুরী বেগম, স্বামী: সৈয়দ মনোয়ার হোসেন, ২০, স্যার সৈয়দ আহমেদ রোড, থানাপাড়া, কুষ্টিয়া। | সদস্য |
| ০৪ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | এ্যাড. শাফিনাজ আক্তার, স্বামী: মোঃ আমান উল্লাহ নান্টু, এ্যাড. আহসান উল্লাহ সড়ক, থানাপাড়া কুষ্টিয়া। | সদস্য |
| ০৫ | ১০(১)(ঙ) | সমাজসেবী | জনাব শিউলি রহমান, স্বামী: মোঃ আব্দুর রহমান, ১১/৮, গৌরশংকর আগরওয়াল লেন, আড়ুয়াপাড়া, কুষ্টিয়া। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের জনাব জেব-উন-নিসা, প্রধান শিক্ষক, কলকাকলী মাধ্যমিক বিদ্যালয়, কুষ্টিয়া উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ০১-০৭-২০২৪ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোনো সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

নং **৩২.০০.০০০০.০৩৮.০৬.০৮৪.১৮-১৯২**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা মোতাবেক জেলা প্রশাসক, মাগুরা এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার মাগুরা জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলোঃ

| ক্রম: নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম ও ঠিকানা | পদবি |
|---|---|---|---|---|
| ০১ | ১০(১)(ঙ) | সমাজসেবী | জনাব মোছাঃ শিরিন আক্তার, স্বামী: খন্দকার মসরুর রেজা, সাহাপাড়া, নতুন বাজার, মাগুরা। | চেয়ারম্যান |
| ০২ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব কাজী মৌটুষী, পিতাঃ কাজী আবুল বাশার, ইসলামপুর পাড়া, মাগুরা। | সদস্য |
| ০৩ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব আমেনা খাতুন লাবনী, পিতাঃ সৈয়দ আলী হোসেন, জামে মসজিদ, থানা পাড়া, মাগুরা । | সদস্য |
| ০৪ | ১০(১)(ঘ) | শিক্ষিকা | জনাব মোছাঃ জোবাইদা খাতুন, স্বামী: আক্তার সরদার, প্রধান শিক্ষক, সর্দার কালীনগর, সরকারি প্রাথমিক বিদ্যালয়, শ্রীপুর, মাগুরা । | সদস্য |
| ০৫ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব লায়লা কানিজ বানু, স্বামী: মো: জিয়াউল হক, হাজী আ: হামিদ সড়ক, বাড়ি নং ১৬৯, কলেজ পাড়া, মাগুরা। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের জনাব মোছাঃ শিরিন আক্তার, স্বামীঃ খন্দকার মসরুর রেজা, সাহাপাড়া, নতুন বাজার, মাগুরা উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ০১-০৭-২০২৪ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোনো সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দিলীপ কুমার দেবনাথ**
সিনিয়র সহকারী সচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ আষাঢ় ১৪৩১/২৩ জুন ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৪৫.২৪-২৯৬**—জনাব জিসানুল হক (বিপি-৮৫১৪১৬৬৩৩১), অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, সিটিএসবি এন্ড প্রটেকশন বিভাগ, জিএমপি, গাজীপুর-এর বিরুদ্ধে শৃঙ্খলা পরিপন্থী কর্মকাণ্ডে লিপ্ত হওয়ার অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়ায় সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৩৯(১) এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী অভিযুক্তকে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা সমীচীন মর্মে বিবেচিত হওয়ায় এতদ্বারা তাকে সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। তিনি বাংলাদেশ সার্ভিস রুল (বি.এস.আর) পার্ট-১, বিধি-৭১ মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন; এবং

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জাহাংগীর আলম**
সচিব।

---

**শিল্প মন্ত্রণালয়**
**ডিপিডিটি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪৩১/১১ জুন ২০২৪

নং **৩৬.০০.০০০০.০৭৫.১১.০৩৮.১১-৮৫**—যেহেতু, জনাব আনজুমান আরা আক্তার খানম, উপ-পরিচালক (ট্রেডমার্কস) [সাবেক এসিস্ট্যান্ট রেজিস্ট্রার (ট্রেডমার্কস), পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর] শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর এর ট্রেডমার্ক ইউনিটে ১৬-০১-২০১১ খ্রি: তারিখ হতে কর্মরত আছেন এবং যেহেতু রেজিস্ট্রার, পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর কর্তৃক তার বিরুদ্ধে দায়িত্ব পালনে অবহেলা, ঊর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ অমান্য, অনিয়মিত উপস্থিতি ইত্যাদি অভিযোগ উত্থাপন করা হয়েছে; এবং

২। যেহেতু, তিনি প্রায়শই বিভিন্ন কর্মকর্তা/কর্মচারীর সাথে দাপ্তরিক শিষ্টাচার বহির্ভূত আচরণ করে থাকেন। অধিদপ্তরের কর্মকর্তাদের অফিসে যাতায়াতের জন্য ব্যবহৃত গাড়ীতে গাড়ী ব্যবহারকারী অন্যান্য কর্মকর্তার সাথে একাধিকবার দুর্ব্যবহার করেন এবং যার প্রেক্ষিতে উক্ত কর্মকর্তাগণ তার বিরুদ্ধে লিখিত অভিযোগ উত্থাপন করেন;

৩। যেহেতু, তিনি অভ্যাসগতভাবে দাপ্তরিক কর্তব্যে অবহেলা প্রদর্শন করেন। গত ০১-০১-২০১৭ খ্রি: তারিখ হতে ২৫-০৩-২০২০ খ্রি: তারিখ পর্যন্ত ২৫৯১ টি নথির মধ্যে ১১৮২ টি নথি উপস্থাপন করেছেন। ডিসেম্বর/২০১৯ মাসে একটি নথিও পরীক্ষা করেননি। এ বিষয়ে বিভিন্ন সময়ে তাকে মৌখিক এবং লিখিতভাবে সতর্ক করা সত্ত্বেও তার আচরণ পরিবর্তন হয়নি;

৪। যেহেতু, তিনি উপস্থিতির বিষয়ে সরকারি আদেশ/নির্দেশের প্রতি অবজ্ঞা প্রদর্শন করে খেয়াল-খুশিমত অফিসে উপস্থিত হন এবং কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত থাকেন। অফিসের ডিজিটাল হাজিরা মেশিনের ডাটাবেজ অনুযায়ী তিনি প্রায়শই অফিসের নির্ধারিত সময় অর্থাৎ সকাল ০৯.০০ টার অনেক পরে উপস্থিত হন এবং অফিস সময় শেষ হওয়ার পূর্বেই অফিস ত্যাগ করেন;

৫। যেহেতু, তিনি ২০২২ সালের মে মাস পর্যন্ত ১৯ দিন কর্মস্থলে অনুপস্থিত ছিলেন, যার মধ্যে মাত্র ০৯ দিন নৈমিত্তিক ছুটি হিসেবে অনুমোদিত রয়েছে, বাকি ১০ দিন তিনি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

৬। যেহেতু, তিনি যথাযথ মাধ্যম ব্যতীত সরাসরি সচিব, শিল্প মন্ত্রণালয় বরাবর কোনো আবেদন না করার জন্য সতর্ক করা সত্ত্বেও তিনি পুনরায় সচিব, শিল্প মন্ত্রণালয় বরাবর অভিযোগ দাখিল করে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দাপ্তরিক আদেশ অমান্য করেছেন;

৭। যেহেতু, তিনি তার অনুবেদনকারী কর্মকর্তার প্রতি অনাস্থা জানিয়ে ২০১৯ সালের বার্ষিক গোপনীয় অনুবেদন অধিদপ্তরের পরিবর্তে মন্ত্রণালয় হতে গ্রহণের নিমিত্ত সরাসরি সচিব, শিল্প মন্ত্রণালয় বরাবর আবেদন করেন;

৮। যেহেতু, তাকে কর্তব্যেও অবহেলা বা শৃঙ্খলাজনিত বিষয়ে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয় এবং তিনি কারণ দর্শানোর জবাবে অবমাননাকর, ঔদ্ধত্যপূর্ণ বা দাপ্তরিক শৃঙ্খলার জন্য হানিকর বক্তব্য প্রদান করেন;

৯। যেহেতু, তিনি অধীনস্থ কর্মচারীর সাথে দাপ্তরিক শিষ্টাচার বহির্ভূত অশোভন আচরণ করেন এবং অধিদপ্তরের বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীর বিরুদ্ধে তার ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে মিথ্যা ও বানোয়াট অভিযোগ উপস্থাপন করেন, ফলশ্রুতিতে সংশ্লিষ্ট ব্যক্তি বিব্রতকর অবস্থার সম্মুখীন হন;

১০। যেহেতু, তিনি ১০-১০-২০২১ খ্রিঃ তারিখে পদোন্নতি পাওয়া সত্ত্বেও চার্টার অব ডিউটিজে বর্ণিত দায়িত্ব বুঝিয়ে না দেওয়া ও সংশ্লিষ্ট সহকর্মীদের সঙ্গে অসদাচরণের অভিযোগ করেন এবং গত ১৩-০১-২০২২ খ্রিঃ তারিখে সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাসের বিষয়ে তুচ্ছ অভিযোগ সম্বলিত দরখাস্ত দাখিল করেন;

১১। যেহেতু, আপনার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধিমতে অসদাচরণ এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ; এবং

১২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, উভয়পক্ষের বক্তব্য, দাখিলকৃত কাগজপত্র, তথ্য-প্রমাণ, তদন্ত প্রতিবেদন, প্রাসঙ্গিক সকল বিষয় এবং অভিযুক্তের ব্যক্তিগত শুনানী পর্যালোচনায় দেখা যায়, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত কয়েকটি অভিযোগ প্রমাণিত হয়নি। তবে দায়িত্ব পালনের ক্ষেত্রে অভিযুক্ত কর্মকর্তা আন্তরিক ছিলেন না মর্মে সুস্পষ্টরূপে প্রতীয়মান হয়। তাছাড়া রাষ্ট্রপক্ষের দাখিলকৃত তদন্ত প্রতিবেদনমতে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে কর্তব্য কাজে অবহেলা বা শৃঙ্খলা বিষয়ে কারণ দর্শানোর জবাবে তিনি অবমাননাকর, ঔদ্ধত্যপূর্ণ বা দাপ্তরিক শৃঙ্খলার জন্য হানিকর বক্তব্য প্রদান করে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের আইনানুগ আদেশ অমান্য করেছেন যা শৃঙ্খলা পরিপন্থী। এহেন কর্মকাণ্ডের জন্য অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি দণ্ড পাওয়ার যোগ্য।

১৩। সেহেতু, জনাব আনজুমান আরা আক্তার খানম, উপ-পরিচালক (ট্রেডমার্কস) [সাবেক এসিস্ট্যান্ট রেজিস্ট্রার (ট্রেডমার্কস), পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর], পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি অনুযায়ী "অসদাচরণ"

এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার ৪(২)(খ) বিধি মোতাবেক তাকে আগামী “০২ (দুই) বছরের বেতন বৃদ্ধি স্থগিত” সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জাকিয়া সুলতানা**
সিনিয়র সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪৩১/১০ জুন ২০২৪

নং **৫৩.০০.০০০০.৩১২.৯৯.০০১.২২.১৪৭**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার আর্থিক প্রতিষ্ঠান বিভাগের গত ০৩ জানুয়ারি ২০২৩ তারিখের ৫৩.০০.০০০০.৩১২.২২.০০২.১৯-৩ নম্বর প্রজ্ঞাপন এর অনুচ্ছেদ ৩(ঙ) এবং ৪ (চ) মোতাবেক গঠিত ‘পদোন্নাতির নিমিত্ত বাছাই কমিটি’ এ প্রতিমন্ত্রী, অর্থ মন্ত্রণালয়কে “সদস্য” হিসাবে অন্তর্ভুক্ত করেছে। উক্ত প্রজ্ঞাপনের অনুচ্ছেদ নং-৫(চ)(৪) এবং ৬(চ)(৪) এ পেশাগত ডিগ্রি Cost and Management Accountant (CMA) Master in Bank Management (MBM)/Master of Professional Banking (MPB)/Certified Financial Analyst (CFA)/ Master in Actuarial Science (MAS) হিসাবে অন্তর্ভুক্ত করেছে।

২। নীতিমালার অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

৩। এটি অবিলম্বে কার্যকর হবে। নীতিমালার অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মীনাক্ষী বর্মন**
যুগ্মসচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-২**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ/১০ জুলাই ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭২.২৪.৩১৮**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) Tenancy Rules,1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রমিক নং | মৌজার নাম | জে এল নং | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ঘোজাডাঙ্গা | ৪৭ | ১ (১৭২) | কালিগঞ্জ | সাতক্ষীরা | মহামান্য হাইকোর্ট বিভাগে ১০৮৭১/২০১৪ নং রিট মামলা নিষ্পত্তি হওয়ায়। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবভীনা মনীর চিঠি**
উপসচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**
**পরিকল্পনা শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ চৈত্র ১৪৩০/৩১ মার্চ ২০২৪

নং **৪৭.০০.০০০০.০৪৫.১৪.০০৫.১৩ (অংশ-৫)-৩৭**—পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতায় পল্লী উন্নয়ন একাডেমী কর্তৃক বাস্তবায়নাধীন “গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন এবং আধুনিক নাগরিক সুযোগ-সুবিধা সম্বলিত সমবায়ভিত্তিক বহুতল ভবনবিশিষ্ট ‘পল্লী জনপদ’ নির্মাণ” (২য় সংশোধিত)-শীর্ষক প্রকল্পের আত্ততায় বগুড়া এবং গোপালগঞ্জ জেলার অসম্পন্ন নির্মাণ ও পূর্ত কাজের পরিমাণ এবং গণপূর্ত বিভাগের রেট অব সিডিউল ২০২২ অনুযায়ী উক্ত ২টি জেলার অসম্পন্ন নির্মাণ ও পূর্ত কাজের ব্যয় প্রাক্কলন প্রণয়নের জন্য নিম্নোক্তভাবে একটি কারিগরি কমিটি গঠন করা হলো:

**আহ্বায়ক**

(১) যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

**সদস্যবৃন্দ**

(২) প্রতিনিধি, আইএমইডি

(৩) প্রতিনিধি, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন

(৪) প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

(৫) উপসচিব, (পরিকল্পনা-২), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

(৬) প্রতিনিধি, বিএমটিএফ

(৭) প্রতিনিধি, এলজিইডি

**সদস্য সচিব**

(৮) প্রকল্প পরিচালক, 'গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন এবং আধুনিক নাগরিক সুযোগ-সুবিধা সম্বলিত সমবায়ভিত্তিক বহুতল ভবনবিশিষ্ট 'পল্লী জনপদ নির্মাণ (২য় সংশোধিত)' শীর্ষক প্রকল্প সম্বলিত সমবায়ভিত্তিক বহুতল ভবনবিশিষ্ট 'পল্লী জনপদ নির্মাণ (২য় সংশোধিত)' শীর্ষক প্রকল্প।

**কমিটির কার্যপরিধি:**

(ক) প্রকল্পভুক্তা বগুড়া এবং গোপালগঞ্জ জেলার চলমান নির্মাণ ও পূর্ত কাজের আর্থিক ও বাস্তব অগ্রগতি নিরূপণ করা;

(খ) গণপূর্ত বিভাগের রেট অব সিডিউল ২০২২ অনুযায়ী প্রকল্পভুক্ত বগুড়া এবং গোপালগঞ্জ জেলার অসম্পন্ন নির্মাণ ও পূর্ত কাজের সঠিক ব্যয় প্রাক্কলন প্রণয়ন;

(গ) প্রয়োজনে কমিটিতে যে কোনো সদস্য কো-অপ্ট করা যেতে পারে;

(ঘ) কমিটি আগামী ১৫ (পনেরো) দিনের মধ্যে সিনিয়র সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ বরাবর প্রতিবেদন দাখিল করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহিম**
সহকারী সচিব।

---

**পরিকল্পনা শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ চৈত্র ১৪৩০/০২ এপ্রিল ২০২৪

নং **৪৭.০০.০০০০.০৪০.১৪.০০৯.২৩ (খন্ড-২)-৬৩**—পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নাধীন "পল্লী জীবিকায়ন(৩য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের ১ম সংশোধনী প্রস্তাবে অঙ্গাভিত্তিক ব্যয় যুক্তিযুক্তভাবে নিরূপণের জন্য নিম্নোক্তভাবে ব্যয় যুক্তিযুক্তকরণ কমিটি গঠন করা হলো:

**আহ্বায়ক**

(১) যুগ্মসচিব (পরি: ও উন্ন:), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

**সদস্যবৃন্দ**

(২) প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

(৩) প্রতিনিধি, আইএমইডি

(৪) প্রতিনিধি, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন

(৫) প্রতিনিধি, কার্যক্রম বিভাগ

(৬) প্রতিনিধি, বিআরডিবি

(৭) প্রকল্প পরিচালক, পল্লী জীবিকায়ন প্রকল্প (৩য় পর্যায়)

**সদস্য সচিব**

(৮) সহকারী সচিব (পরিকল্পনা-৪), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

**কমিটির কার্যপরিধি:**

(ক) কমিটি কর্তৃক প্রকল্পের প্রতিটি অঙ্গের আর্থিক ও বাস্তব অগ্রগতি পর্যালোচনাপূর্বক ১ম সংশোধনী প্রস্তবের প্রতিটি অঙ্গের ব্যয় যুক্তিযুক্তভাবে নিরূপণ করা;

(খ) প্রয়োজনে কমিটিতে যে কোনো সদস্য কো-অপ্ট করা যেতে পারে;

(গ) কমিটি আগামী ১৫ (পনেরো) দিনের মধ্যে সিনিয়র সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ বরাবর প্রতিবেদন দাখিল করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহিম**
সহকারী সচিব।

---

**প্রশাসন অধিশাখা-২**

**অফিস আদেশ**

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩১/২৯ এপ্রিল ২০২৪

নং **৪৭.০০.০০০০.০৩২.২৭.০০৪.২৩.১৮৬**—যেহেতু, জনাব মোঃ রোকনুজ্জামান খান, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, মেলান্দহ, জামালপুর ও প্রাক্তন সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, নালিতাবাড়ী, শেরপুর এ কর্মকালীন গত ১১-০১-২০২২ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় এবং রাত্র ৯.০০ ঘটিকায় উর্ধ্বতন কর্তৃপক্ষ সম্পর্কে স্যোশ্যাল মিডিয়ায় (ফেইসবুক পোস্টের মাধ্যমে) মিথ্যা, ভিত্তিহীন ও শিষ্টাচারবহির্ভূত সমালোচনা করে দায়িত্বহীনতার পরিচয় প্রদানের কারণে সমবায় অধিদপ্তরের ১৩-১১-২০২২ তারিখের ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০১৬.২২ জি-(বিমা-১১)-৯৩৯-এ/ও সংখ্যক অফিস আদেশমূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক অসদাচরণের অভিযোগে আপনার বিরুদ্ধে ১১/২০২২ নং বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের বিষয়ে রেকর্ডপত্র এবং দাখিলকৃত জবাব পর্যালোচনায় আপনার জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় এবং ২য় কারণ দর্শানো নোটিশের জবাবের পরিপ্রেক্ষিতে আপনার জবাব সন্তোষজনক মর্মে বিবেচিত হয়নি;

যেহেতু, আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ধারায় আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় বিধায় একই বিধিমালার ৪(৩)(ক) বিধির বিধান মোতাবেক আপনার "নিম্ন বেতন গ্রেড অবনমিতকরণ" দন্ড প্রদান করা হয়;

যেহেতু, আপনি জনাব মোঃ রোকুনুজ্জামান খান উক্ত দন্ড আরোপ হতে অব্যাহতি প্রদানের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সিনিয়র সচিব এর নিকট আপিল আবেদনের প্রেক্ষিতে ১৬-০১-২০২৪ তারিখে শুনানি গ্রহণকালে সমবায় অধিদপ্তরের প্রতিনিধি যুগ্ম-নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) জনাব রিক্তা দত্ত ও আপনার বক্তব্য শ্রবণ করা হয়। উভয় পক্ষের বক্তব্য, উপস্থাপিত রেকর্ডপত্র এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সমবায় অধিদপ্তরের ১৩-১১-২০২২ তারিখের ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০১৬.২২জি-(বিমা-১১)-৯৩৯-এ/ও সংখ্যক অফিস আদেশমূলে প্রদত্ত " নিম্ন বেতন গ্রেডে অবনমিতকরণ" দন্ড আরোপ করাই যুক্তিযুক্ত মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব মোঃ রোকুনুজ্জামান খান, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, মেলান্দহ, জামালপুর ও প্রাক্তন সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, নালিতাবাড়ী, শেরপুর এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলায় সমবায় অধিদপ্তরের ১৩-১১-২০২২ তারিখের ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০১৬.২২জি-(বিমা-১১)-৯৩৯-এ/ও সংখ্যক অফিস আদেশ মূলে প্রদত্ত "নিম্ন বেতন গ্রেডে অবনমিতকরণ" দন্ড বহাল রাখা হলো। সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২১ বিধি মোতাবেক আপিল আবেদনটি নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোসাম্মৎ হামিদা বেগম**
সিনিয়র সচিব।

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন অনুবিভাগ-১**
**প্রশাসন অধিশাখা-১৭**

প্রজ্ঞাপন

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩১/১৪ জুলাই ২০২৪

নং **২৫.০০.০০০০.০৫৩.২৮.০০২.২০১৬.১৬৮**—কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৬ এর ধারা ৫ এর ১ (ঢ) এবং ৫(৫) উপধারা অনুযায়ী সরকার নিম্নবর্ণিত ০৩(তিন) জন বিশিষ্ট ব্যক্তিকে ১৪ জুলাই ২০২৪ হতে ১৩ জুলাই ২০২৭ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের সদস্য হিসেবে নিয়োগ প্রদান করেছে:

| ক্রম | নাম, পদবি ও ঠিকানা |
|---|---|
| ১ | জনাব কানিজ ফাতেমা আহমেদ, স্বামী: মোস্তাক আহমদ চৌধুরী, স্থায়ী ঠিকানা: খাঁন সাহেবের বাড়ী, খামার পাড়া, চৌফলদন্ডী, উপজেলা: কক্সবাজার সদর, জেলা: কক্সবাজার। |
| ২ | জনাব সাদাত উল্লাহ খান, পিতা: মৃত কলিম উল্লাহ, মাতা: মোস্তফা বেগম, স্থায়ী ঠিকানা: ৫৬ কলাবাগান, ১ম লেন (ফ্ল্যাট: A-4), ঢাকা-১২০৫। |
| ৩ | জনাব সুপ্ত ভূষণ বড়ুয়া, পিতা: মৃত বিধু ভূষণ বড়ুয়া, মাতা: সবিতা বড়ুয়া, স্থায়ী ঠিকানা: গ্রাম-উত্তর মিঠাছড়ি, ডাকঘর: জোয়ারিয়ানালা, থানা: রামু, জেলা: কক্সবাজার। |

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ সোহেল হাসান**
যুগ্মসচিব।